

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২১৯

১৪/ ক্রয় বিক্রয় (ﷺ) পরিচ্ছেদঃ শর্তসমূহ লিপিবদ্ধ করা।

باب مَا جَاءَ فِي كِتَابَةِ الشُّرُوطِ.

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، أَخْبَرَنَا عَبَّادُ بْنُ لَيْتْ، صَاحِبُ الْكَرَابِيسِيِّ الْبَصْرِيُّ أَخْبَرَنَا عَبْدُ الْمَجِيدِ بْنُ وَهْب، قَالَ قَالَ لِي الْعَدَّاءُ بْنُ خَالِد بْنِ هَوْذَةَ أَلاَ أُقْرِبُكَ كِتَابًا كَتَبَهُ لِي رَسُولُ اللَّهِ صَلَى الله عليه وسلم قَالَ قُلْتُ بَلَى . فَأَخْرَجَ لِي كِتَابًا " هَذَا مَا اشْتَرَى الْعَدَّاءُ بْنُ خَالِد بْنِ هَوْذَةَ مِنْ مُحَمَّدٍ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم اشْتَرَى مِنْهُ عَبْدًا أَوْ أَمَةً لاَ خَالِد بْنِ هَوْذَةَ مِنْ مُحَمَّدٍ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم اشْتَرَى مِنْهُ عَبْدًا أَوْ أَمَةً لاَ دَاءَ وَلاَ خَبْتَةَ بَيْعَ الْمُسْلِمِ الله عليه وسلم عَيْلُ وَاحِدٍ مِنْ أَهْلِ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ عَبَّادِ بْنِ لَيْتُ وَقَدْ رَوَى عَنْهُ هَذَا الْحَدِيثَ غَيْرُ وَاحِدٍ مِنْ أَهْلِ الْمُديثِ .

#### বাংলা

১২১৯. মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) ...... আবদুল মাজীদ ইবনু ওয়াহব (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, এক দিন আদা ইবনু খালিদ ইবনু হাওযা রাদিয়াল্লাহু আনহু আমাকে বললেন, আমাকে যে লিপিখানি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লিখে দিয়েছিলেন তোমাকে কি তা পড়ে শুনাব? আমি বললাম, অবশ্যই। তখন তিনি আমাকে শোনাবার জন্য একটি লিপি বের করলেন। এতে ছিল, এ হলো মুহাম্মাদ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে আদা ইবনু খালিদ ইবনু হাওযা যা খরীদ করেছেন (এর দলীল)। তিনি তাঁর নিকট থেকে এমন একটি দাস বা দাসী ক্রয় করেছেন, যার মধ্যে কোন দোষ নেই। এটি পলায়ন করে না, এবং তা দুশ্চিরিত্রের অধিকারী নয়। এ হলো এক মুসলিমের সঙ্গে আরেক মুসলিমের ক্রয়-বিক্রয়। - ইবনু মাজাহ ২২৫১, তিরমিজী হাদিস নম্বরঃ ১২১৬ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-গারীব। আব্বাস ইবনু লায়ছের সূত্র ছাড়া এটি সম্পর্কে আমরা জানি না। একাধিক হাদীস বিশেষজ্ঞ রাবী এটিকে তাঁর বরাতে বর্ণনা করেছেন।

# **English**



## Narrated 'Abbad bin Laith Al-Karabisi [Al-Basri]:

"Abdul Majid bin Wahb narrated to us, he said: 'Al-'Adda' bin Khalid bin Hawdhah said to me: "Shall I not read to you a letter that was written for me from the Messenger of Allah (\*\*)?'" He said: 'I said: "Of course." So he took out a letter for me: "This is what Al-'Adda' bin Khalid bin Hawdhah purchased from Muhammad, the Messenger of Allah (\*\*): He purchased from him a slave' - or - 'a female slave, having no ailments, nor being a runaway, nor having any malicious behavior. Sold by a Muslim to a Muslim.'"

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Gharib, we do not know of it except from 'Abbad bin Laith. More than one of the people of Hadith have reported this Hadith from him.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন